

আমাদের মন্ত্র

প্রতি ইউনিটে শিক্ষার্থীদের সীমাবদ্ধতা তুলে দেওয়ার দাবি

রাবি প্রতিনিধি

৮ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৭ ফেব্রুয়ারি ২০২১ ২৩:৪১

আমাদের মন্ত্র

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) গত বছরের ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে প্রতিটি ইউনিটের পরীক্ষায় মাত্র ৩২ হাজার শিক্ষার্থীকে অংশগ্রহণের সুযোগ দেয় কর্তৃপক্ষ। এবার করোনা পরিস্থিতিতে এইচএসসি পরীক্ষার্থীদের অটোপাস দেওয়ায় জিপিএ-৫ এর হার অন্যান্য বছরের তুলনায় অনেক বেশি। গত বছরের নিয়মে এবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হলে জিপিএ-৫ প্রাপ্ত অনেক শিক্ষার্থী রাবির ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবে।

বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা বলছেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় যারা ন্যূনতম যোগ্যতা অর্জন করেছে তাদের সুযোগ পাওয়া উচিত। এর জন্য যদি পরীক্ষার শিফট বৃদ্ধি ও জিপিএর লিমিট বাড়ানো প্রয়োজন হয় তাহলে সেটি করা দরকার। নতুন দেশের অনেক শিক্ষার্থী নিজেদের মধ্যে যাচাই থেকে বঞ্চিত হবে, যা পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য সমীচীন নয়।

ছাত্র নেতারা বলছে, এবার আগের ৩২ হাজারের লিমিট বাতিল করে নতুন কোনো মাপকার্তি তৈরি করে বেশি সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণমূলক পরীক্ষার ব্যবস্থা করা দরকার।

রাবির ভর্তি পরীক্ষার নিয়ম অনুযায়ী, এইচএসসি ও এসএসসির জিপিএর ন্যূনতম একটি যোগ্যতা দিয়ে শিক্ষার্থীদের প্রাথমিক আবেদনের সুযোগ দেয়। এর পর এইচএসসির ফলের ভিত্তিতে প্রতি ইউনিটে মাত্র ৩২ হাজার শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হতো। কিন্তু এবারের এইচএসসি পরীক্ষায় দেড় লাখের বেশি শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। যার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার নিয়ম অনুযায়ী তিনটি ইউনিটে মোট ৯৬ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারবে। ফলে জিপিএ-৫ প্রাপ্ত আরও প্রায় ৬৫ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ থেকে বঞ্চিত হবে।

এ বিষয়ে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম খান বলেন, করোনা ভাইরাসের বিশেষ পরিস্থিতির কারণে এইচএসসিতে মেধা যাচাই হয়নি। ফলে যারা জিপিএ-৫ পেয়েছে তাদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া জরুরি। তাছাড়া প্রকৃত মেধাবী শিক্ষার্থী খুঁজে পাওয়া কঠিন হবে। এর জন্য পরীক্ষার শিফট বৃদ্ধি করে বেশি শিক্ষার্থীর পরীক্ষা নেওয়া যেতে পারে। আশাকরি ভর্তি পরীক্ষা কমিটি সভা করে এ বিষয়ে ইতিবাচক সিদ্ধান্তে আসবেন।

ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার টেলিক

আমাদের ময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)